কিভাবে এম এস ওয়ার্ড ২০১৬ চালু করবেন? বাংলা টিউটোরিয়াল ২০১৯ | পর্ব ০২

tutorial.hamimit.com/কিভাবে-এম-এস-ওয়ার্ড-২০১৬-চ

কিভাবে এম এস ওয়ার্ড ২০১৬ চালু করবেন এ টিউটোরিয়ালে সে বিষয়ে আলোচনা করা হয়েছে। প্রথমে আমরা জানবো কিভাবে এ এ্যাপ্লিকেশন প্রোগ্রামটি চালু করা যায়।

তবে এক্ষেত্রে আপনার কম্পিউটারে **এম এস অফিস ২০১৬** ইন্সটল করা থাকতে হবে।

কিভাবে এম এস ওয়ার্ড ২০১৬ চালু করবেন?


আপনি একাধিক পদ্ধতিতে **ওয়ার্ড ২০১৬** রান করতে পারেন।

Start বাটন থেকে:


কম্পিউটারের স্টার্ট বাটন ক্লিক করুন।

এবারে প্রদর্শিত মেন্যু হতে **All Programs** অপশন ক্লিক করুন।





অতপর **Microsoft Office** সাব-মেন্যু ক্লিক করুন।



এবারে **Word 2016** খুঁজে বের করুন এবং ক্লিক করুন।

Desktop থেকে:

ডেস্কটপে যদি **Word 2016** প্রোগ্রামের সর্টকাট আইকন থাকে তবে সেখানে ডাবল ক্লিক করেও চালু করা যাবে।


ডেস্কটপে যদি **ওয়ার্ড ২০১৬** এর আইকন না থাকে তবে কিভাবে সর্টকাট আইকন বানাতে হয় তা ভিডিও টিউটোরিয়াল দেখুন।

Taskbar থেকে:

টাস্কবারে অবস্থিত **ওয়ার্ড ২০১৬** এর আইকনে ক্লিক করেও চালু করা যাবে।

আপনার কম্পিউটারের টাস্কবারে যদি **ওয়ার্ড ২০১৬** এর আইকনটি না থাকে তবে নিম্নের পদক্ষেপ গ্রহণ করুন:

- স্টার্ট বাটন ক্লিক করুন।
- এবারে **Word 2016** খুঁজে বের করুন এবং তার ওপর মাউসের রাইট-বাটন ক্লিক করুন।



- প্রদর্শিত কনটেক্সট মেন্যু হতে **Pin to Taskbar** অপশনটি ক্লিক করুন।
- লক্ষ্য করুন, টাস্কবারে **Word 2016** এর আইকন প্রদর্শিত হচ্ছে।
- এবারে আইকনের ওপর সিঙ্গেল ক্লিক করেও **ওয়ার্ড ২০১৬** শুরু করতে পারবেন।

এম এস ওয়ার্ড ২০১৬ কী এবং কেন? বাংলা টিউটোরিয়াল ২০১৯ – পর্ব ০১

ইউজার ইন্টারফেস – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল ২০১৯ | পর্ব ০৩

> আজ এখানেই শেষ করছি। ইনশাআল্লাহ্ পরবর্তীতে ওয়ার্ড ২০১৬ এর **ইউজার ইন্টারফেস** নিয়ে বিস্তারিত টিউন নিয়ে উপস্থিত হবো। সে পর্যন্ত আমাদের সাথেই থাকুন।
>
> টিউনে কোন ভুল কিংবা অসামঞ্জস্য দেখলে দয়া করে কমেন্ট করুন। আর যদি টিউটোরিয়ালটি তথ্যবহুল হয়ে থাকে তবে বন্ধুমহলে শেয়ার করুন।